# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# কৃষি সম্প্রসারণ অধিদপ্তর

উপজেলা কৃষি অফিসার, দুপচাঁচিয়া, বগুড়া
এবং
উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, বগুড়া এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন সমঝোতা স্মারক

## ০১ জুলাই ২০২৩ - ৩০ জুন ২০২৪

# সূচিপত্র


| বিষয় | পৃষ্ঠা নং |
|---|---|
| কর্মসম্পাদনের সার্বিক চিত্র | ০৩ |
| উপক্রমণিকা | ০৪ |
| সেকশন ১ঃ রূপকল্প (Vision), অভিলক্ষ (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলী | ০৫ |
| সেকশন ২ঃ বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) | ০৬ |
| সেকশন ৩ঃ কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন এবং লক্ষ্যমাত্রা | ০৭ |
| সংযোজনী ১ঃ শব্দ সংক্ষেপ (Acromyms) | ১৪ |
| সংযোজনী ২ঃ কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়ণকারী উইং/অফিস/ইউনিট/প্রকল্প এর পরিমাপ পদ্ধতি | ১৫ |
| সংযোজনী ৩ঃ কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে অন্যান্য দপ্তর/সংস্থার উপর নির্ভরশীলতা | ১৭ |
| সংযোজনী-4: টেকসই উন্নয়ন অভিলক্ষ্য (এসডিজি), ডেল্টা প্ল্যান ও নির্বাচনী ইশতেহার ২০১৮ কৃষি মন্ত্রণালয় সম্পর্কিত পরিকল্পনা | ১৮ |

# কর্ম সম্পাদনের সার্বিক চিত্র

## (Overview Performance)

## সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনাঃ

বগুড়া জেলার পশ্চিমাংশে নাগর নদীর ধারে দুপচাঁচিয়া উপজেলাটি অবস্থিত। বাংলাদেশের অন্যান্য স্থানের মত এ উপজেলাটি ক্রান্তিয় মৌসুমী জলবায়ুর অন্তর্গত। এই উপজেলার উত্তরে জয়পুরহাট জেলার ক্ষেতলাল ও আক্কেলপুর পূর্বে শিবগঞ্জ ও কাহালু দক্ষিনে নন্দীগ্রাম এবং পশ্চিমে আদমদীঘি ও জয়পুরহাট জেলার আক্কেলপুর উপজেলা দ্বারা বেষ্টিত। বগুড়া জেলার সদর থেকে এই উপজেলা সদরের দুরত্ব প্রায় ২০ কিলোমিটার। এর মোট আয়তন প্রায় ১৬২ বর্গকিলোমিটার। দুপচাঁচিয়া উপজেলায় ৬টি ইউনিয়ন ২টি পৌরসভা ১১৭টি মৌজা রয়েছে। এই উপজেলার দুটি ভূপ্রকৃতি অঞ্চল রয়েছে (ক) সমতল বরেন্দ ভূমি (খ) তিস্তা পালন ভূমি। তবে অধিকাংশ জমি সমতল বরেন্দ ভূমি। বর্তমানে খরিপ-২ মৌসুমে রোপা আমন রবি মৌসুমে বোরো,আলু,সরিষা,গম,মরিচ ও শাকসবজি সহ বিভিন্ন প্রকার ফসলের চাষাবাদ হয়। এখানকার ফসলের নিবিড়তা ২৭৪%। উপজেলাটি খাদ্য উৎপাদনের দিক দিয়ে স্বয়ংসম্পূর্ণ। প্রতিনিয়ত আবাদ যোগ্য জমির পরিমান কমে যাচ্ছে। ক্রমহ্রাসমান জমির বিপরীতে দ্রত জনসংখ্যার সমস্যা মোকাবেলায় খাদ্য নিরাপত্তার নিশ্চয়তা বিধান কল্পে একর প্রতি উৎপাদন বৃদ্ধির জন্য উন্নত কৃষি প্রযুক্তি ব্যবহারের কোন বিকল্প নাই। তাই কৃষি সম্প্রসারণ অধিদপ্তর নানামুখি কৃষি উন্নয়ন মূলক কার্যক্রম পরিচালনার মাধ্যমে এই উপজেলার আর্থসামাজিক উন্নয়নের চেষ্টা অব্যাহত রয়েছে।

**সমস্যা এবং চ্যালেঞ্জসমুহঃ**

দেশে প্রতিবছর চাষযোগ্য জমি হ্রাস পাওয়ায় ক্রমবর্ধমান জনগোষ্ঠির বিশাল খাদ্য ও পুষ্টি চাহিদা পুরণার্থে টেকসই ফসল উৎপাদন নিশ্চিতকরণ, জলবায়ুগত পরিবর্তনজনিত ঝুঁকি মোকাবেলা ও দুর্যোগপূর্ণ এলাকায় চাহিদা ভিত্তিক প্রযুক্তি সম্প্রসারণ, জমির স্বাস্থ্য, উর্বরতা শক্তি রক্ষার মাধ্যমে জমির উৎপাদনশীলতা বৃদ্ধি, ক্রপজোনিং, সেচ কার্যে ভূ-গর্ভস্থ পানির ব্যবহার কমিয়ে ভূ-উপরিস্থ পানির দক্ষ ব্যবহার, সুষম মাত্রায় ও দক্ষভাবে সারসহ অন্যান্য উপকরণ ব্যবহার নিশ্চিতকরণ, কৃষিতে নারীর সম্পৃক্তায়ন এবং দক্ষতা বৃদ্ধিকরণ, সম্প্রসারণ কর্মীর দক্ষতা উন্নয়ন এবং কৃষক/কৃষাণীদের প্রযুক্তিগত জ্ঞান ও দক্ষতা বৃদ্ধিকরণ।

**ভবিষ্যৎ পরিকল্পনাঃ**

মাটির স্বাস্থ্য সুরক্ষা ও সার ব্যবস্থাপনা, পরিবেশ বান্ধব প্রযুক্তি সম্প্রসারণ, জলবায়ুগত পরিবর্তনের কারণে সম্ভাব্য দুর্যোগপ্রবণ এলাকার উপযোগী কৃষি প্রযুক্তি সম্প্রসারণ, সেচ কার্যে ভূ-উপরিস্থ ও বৃষ্টির পানির দক্ষ ব্যবহার, চাষী পর্যায়ে মানসম্পন্ন বীজ উৎপাদন, সংরক্ষণ ও বিতরণ, মানসম্পন্ন ও রপ্তানীযোগ্য ফল, সবজি চাষ এলাকা সম্প্রসারণ, বসতবাড়ির আঙ্গিনার কার্যকর ব্যবহার, শস্য বিন্যাসে ডাল, তৈল , মসলা ও সবজি জাতীয় ফসল অন্তর্ভূক্ত করে ফসলের বহুমূখীতা এবং নিবিড়তা বৃদ্ধি, “বাংলা গ্যাপ” সুচনা এবং বাস্তবায়নের মাধ্যমে নিরাপদ খাদ্য উৎপাদন, সম্প্রসারণ কর্মীর ও প্রযুক্তিগত জ্ঞান এবং দক্ষতা উন্নয়ন, কৃষক/কৃষাণীদের প্রযুক্তিগত জ্ঞান বৃদ্ধিকরণ, দ্রুত প্রযুক্তি বিস্তারে ই-কৃষি প্রবর্তন, খামার যান্ত্রিকীকরণ, শুদ্ধাচার কৌশল প্রণয়ন ও বাস্তবায়নের মাধ্যমে আর্থিক ব্যবস্থাপনা উন্নয়ন।

২০২২-২৩ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমুহঃ

- লাগসই আধুনিক প্রযুক্তির উপর ১৫০০ জন কৃষক/কৃষাণীকে প্রশিক্ষণ প্রদান।
- আধুনিক জাত ও প্রযুক্তি সম্প্রসারণে ৪৩৮টি প্রদর্শনী স্থাপন।
- কৃষক পর্যায়ে ইউরিয়া সাশ্রয় এবং নন-ইউরিয়া সারের ব্যবহার যুক্তিসংগতভাবে বৃদ্ধিকরণ ।

# উপক্রমণিকা (Preamble)

কৃষি সম্পসারণ অধিদপ্তরের আওতাধীন দুপচাঁচিয়া  উপজেলার

উপজেলা কৃষি অফিসার, দুপচাঁচিয়া
এবং
উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, বগুড়া এর মধ্যে

১৭.০৫.২০২৩ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন সমঝোতা স্মারক স্বাক্ষরিত হল।

এই সমঝোতা স্মারকে স্বাক্ষরকারী উভয় পক্ষ নিম্নলিখিত বিষয় সমুহে সম্মত হলেনঃ

## সেকশন ১:

কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, দুপচাঁচিয়া, বগুড়া এর রূপকল্প (Vision), অভিলক্ষ (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলী।

১.১ রূপকল্প (Vision) ঃ

ফসলের টেকসই উৎপাদন ও উৎপাদনশীলতা।

১.২ অভিলক্ষ (Mission) ঃ

সকল শ্রেণীর কৃষকদের চাহিদাভিত্তিক দক্ষ, ফলপ্রসূ ও কার্যকর সম্প্রসারণ সেবা প্রদান এবং তাদের প্রযুক্তিগত জ্ঞান ও দক্ষতা বৃদ্ধির মাধ্যমে ফসলের টেকসই উৎপাদন ও উৎপাদনশীলতা নিশ্চিতকরণ এবং কৃষকদের আর্থ-সামাজিক অবস্থার উন্নয়ন ঘটানো।

১.৩ কর্মসম্পাদনের ক্ষেত্র :

১. ফসলের উৎপাদন ও উৎপাদনশীলতা বৃদ্ধি
২. সম্প্রসারণ কর্মী এবং কৃষকদের প্রযুক্তিগত জ্ঞান ও দক্ষতা বৃদ্ধিকরণ
৩. কৃষি উপকরণের সহজলভ্যতা ও সরবরাহ বুদ্ধিকরণ
৪. মাটির স্বাস্থ্য সুরক্ষায় ব্যবস্থাপনার উন্নয়ন ও রক্ষনাবেক্ষণ

১.৪ কার্যাবলী (Functions):

১. কৃষকের মাঝে উন্নত কৃষি প্রযুক্তি সম্প্রসারণ কার্যক্রম গ্রহণ (যেমন- কৃষক প্রশিক্ষণ, প্রদর্শনী, মাঠ প্রদর্শনী, চাষী র‌্যালী, উদ্বুদ্ধকরণ ভ্রমণ, কৃষি প্রযুক্তি মেলা, কর্মশালা, সেমিনার ইত্যাদি)।
২. পরিবেশ বান্ধব, নিরাপদ ও টেকসই উৎপাদনক্ষম উত্তম কৃষি কার্যক্রম প্রবর্তন
৩. কৃষি তথ্য প্রযুক্তি উন্নয়ন ও ই-কৃষি তথ্য সেবা সম্প্রসারণ
৪. কৃষি উপকরণের (সার, বীজ ও বালাইনাশক) সরবরাহ নিশ্চিতকরণ এবং ডিলার নিয়োগ/নিবন্ধনে সহায়তা প্রদান
৫. জৈব সারের উৎপাদন ও ব্যবহার বৃদ্ধিকরণ
৬. পানি ব্যবস্থাপনার মাধ্যমে ফসল উৎপাদন এবং ভূ-উপরিস্থ পানির (surface water) ব্যবহারে উৎসাহিতকরণ
৭. কৃষক পর্যায়ে মান সম্পন্ন বীজ উৎপাদন, সংরক্ষণ ও বিতরণে সহায়তা প্রদান
৮. দুর্যোগ প্রবণ এলাকা চাহিদাভিত্তিক ঘাত সহিষ্ণু জাত সম্প্রসারণ
৯. সম্প্রসারণ কর্মী ও কৃষকদের দক্ষতা বৃদ্ধিকরণ
১০. কৃষির উন্নয়নে নারীদেরকে সম্পৃক্তকরণ
১১. উচ্চমূল্য ফসলের আবাদ ও উৎপাদন বৃদ্ধি
১২. দুর্যোগ মোকাবেলা ও কৃষি পূনর্বাসন করা এবং উৎপাদনে উৎসাহ প্রদানে প্রণোদনা সহায়তা ও বাস্তবায়ন
১৩. মানসম্পন্ন কৃষিপণ্য আমদানি ও রপ্তানি নিশ্চিতকরণ
১৪. কৃষিঋণ প্রাপ্তিতে কৃষককে সহায়তা দান
১৫. কৃষি সংশ্লিষ্ট বিভিন্ন প্রতিষ্ঠানের সাথে যোগাযোগ/সমন্বয় সাধন এবং গবেষণালব্ধ প্রযুক্তি মাঠ পর্যায়ে সম্প্রসারণ
১৬. বসতভিটার পতিত জমি ও বাড়ির ছাদ চাষের আওতায় আনা
১৭. কীটনাশক, রাসায়নিক সার ইত্যাদির মান নিয়ন্ত্রণ ও সুষম ব্যবহার নিশ্চিতকরণ
১৮. প্রচলিত লাগসই কৃষি প্রযুক্তি সম্প্রসারণ
১৯. জলবায়ু পরিবর্তনের সাথে সাথে কৃষি উৎপাদনে যে বিরুপ প্রভাব তা মোকাবেলায় কৃষকদের প্রয়োজনীয় কৃষি প্রযুক্তি ও পরামর্শ প্রদান করা
২০. খাদ্যশস্য সংগ্রহের নিমিত্ত মূল্য নির্ধারণে বিভিন্ন ফসলের উৎপাদন খরচ নিরুপণ করে মন্ত্রণালয়কে সহায়তা করা।

## সেকশন ২

## মন্ত্রণালয়/ বিভাগের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/ প্রভাব (Outcome/Impact)

| চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/ Impact) | কর্মসম্পাদন সূচকসমূহ (Performance Indicators) | একক (Unit) | প্রকৃত অর্জন ২০২১-২২ | প্রকৃত অর্জন ২০২২-২৩ | লক্ষ্যমাত্রা ২০২৩-২৪ | প্রক্ষেপণ (Projection) ২০২৪-২৫ | প্রক্ষেপণ (Projection) ২০২৫-২৬ | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংসহা সমূহের নাম | উপাত্তসূত্র [source(s) of data] |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ২০৩০ সালের মধ্যে প্রধান প্রধান ফসলের পর্যাপ্ততা নিশ্চিতকরণ | উৎপাদিত চাল (কর্মসম্পাদন সূচক- ১.১.১, ১.১.২, ১.১.৩, ১.১.৪, ১.২.১, ১.২.২, ১.৩.১, ১.৩.২) | লক্ষ মে.টন | ০.৮৮ | ০.৭৯ | ০.৮৯ | ০.৯০ | ০.৯১ | কৃষি মন্ত্রণালয়, অর্থ মন্ত্রণালয়, পরিকল্পনা কমিশন, বিদ্যুৎ বিভাগ, বিআরডিআই, বিএআরআই, বিএডিসি, বিএমডিএ, এসআরডিআই, এসসিএ, বিনা, বিএইউ, এআইএস, ডিএএম | বিবিএস, ডিএইর, বার্ষিক প্রতিবেদন মাঠ পর্যায়ের অগ্রগতি প্রতিবেদন |
| | উৎপাদিত গম (কর্মসম্পাদন সূচক- ১.১.১, ১.১.২, ১.১.৩, ১.১.৪, ১.২.২, ১.৩.১, ১.৩.২) | মে.টন | ৬১.৪০ | ৬৫.৩০ | ৬৬.০০ | ৬৭.০০ | ৬৮.০০ | কৃষি মন্ত্রণালয়, অর্থ মন্ত্রণালয়, পরিকল্পনা কমিশন, বিদ্যুৎ বিভাগ, বিআরডিআই, এসসিএ, বিনা, বিএইউ, এআইএস | |
| | উৎপাদিত ভুট্টা (কর্মসম্পাদন সূচক- ১.১.১, ১.১.২, ১.১.৩, ১.১.৪, ১.২.২, ১.৩.১, ১.৩.২) | মে.টন | ১১০.০০ | ২০৭.৫০ | ২১৫.০০ | ২২০.০০ | ২২৫.০০ | কৃষি মন্ত্রণালয়, অর্থ মন্ত্রণালয়, পরিকল্পনা কমিশন, বিদ্যুৎ বিভাগ,বিএআরআই, এসসিএ, বিনা, বিএইউ, এআইএস, এসআরডিআই, ডিএএম | |
| | উৎপাদিত আলু (কর্মসম্পাদন সূচক- ১.১.১, ১.১.২, ১.১.৩, ১.১.৪, ১.২.২, ১.৩.১, ১.৩.২) | লক্ষ মে.টন | ১.২২ | ১.০৬ | ১.২২ | ১.২৫ | ১.৩০ | কৃষি মন্ত্রণালয়, অর্থ মন্ত্রণালয়, পরিকল্পনা কমিশন, বিদ্যুৎ বিভাগ, বিএআরআই, এসসিএ, বিনা, বিএইউ, বিএডিসি, এআইএস, ডিএএম | |
| | উৎপাদিত ফল (কর্মসম্পাদন সূচক- ১.১.১, ১.১.২, ১.১.৩, ১.১.৪, ১.২.২, ১.৩.১, ১.৩.২) | মে.টন | ১০০০.০০ | ১০০০.০০ | ১০৫০.০০ | ১১০০.০০ | ১১৫০.০০ | কৃষি মন্ত্রণালয়, অর্থ মন্ত্রণালয়, পরিকল্পনা কমিশন, বিদ্যুৎ বিভাগ, বিএআরআই, এসসিএ, বিনা, বিএইউ, বিএডিসি, এসআরডিআই, এআইএস | |
| | উৎপাদিত সবজি (কর্মসম্পাদন সূচক- ১.১.১, ১.১.২, ১.১.৩, ১.১.৪, ১.২.২, ১.৩.১, ১.৩.২) | লক্ষ মে.টন | ০.১৩ | ০.১৩ | ০.১৪ | ০.১৫ | ০.১৬ | কৃষি মন্ত্রণালয়, অর্থ মন্ত্রণালয়, পরিকল্পনা কমিশন, বিদ্যুৎ বিভাগ, বিএআরআই, এসসিএ, বিজেআরআই, বিনা, বিএইউ, বিএডিসি, এসআর ডিআই, এআইএস, ডিএএম | |
| মানসম্মত সম্প্রসারণ সেবা নিশ্চিতকরণ | প্রশিক্ষন প্রপ্ত জনবলের সংখ্যা (কর্মসম্পাদন সূচক- ২.১.১) | সংখ্যা | ১৮ | ১৯ | ১৯ | ১৯ | ১৯ | কৃষি মন্ত্রণালয়, অর্থ মন্ত্রণালয়, পরিকল্পনা কমিশন, বিদ্যুৎ বিভাগ, বিআরডিআই, বিএআরআই, বিএডিসি, বিএমডিএ, এসআরডিআই, এসসিএ, বিনা, বিএইউ, এআইএস, ডিএএম | |
| কৃষির আধুনিকায়ন/ খোরপোশ কৃষি হতে বানিজ্যিক কৃষিতে উত্তরণ | খামার যান্ত্রিকীকরণের মাধ্যমে কর্তনকৃত ধানের জমির পরিমান ((কর্মসম্পাদন সূচক- ৩.৩.১) | হেক্টর | ১৫ | ২০ | ৫০ | ৮০ | ১০০ | কৃষি মন্ত্রণালয়, অর্থ মন্ত্রণালয়, পরিকল্পনা কমিশন, বিদ্যুৎ বিভাগ, বিআরডিআই, এসসিএ, বিনা, বিএইউ, এআইএস | |
| কৃষি ভূ-সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন নিশ্চিতকরণ | ব্যবহৃত কম্পোষ্টের পরিমান (কর্মসম্পাদন সূচক- ৪.১.১, ৪.১.২) | লক্ষ মে.টন | ০.৮৮ | ০.৭৯ | ০.৮৯ | ০.৯০ | ০.৯১ | কৃষি মন্ত্রণালয়, অর্থ মন্ত্রণালয়, পরিকল্পনা কমিশন, বিদ্যুৎ বিভাগ,বিএআরআই, এসসিএ, বিনা, বিএইউ, এআইএস, এসআরডিআই, ডিএএম | |

সেকশন-৩

## কর্মসম্পাদন ক্ষেত্র (মোট মান-৭০)

| ক্র নং | কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন | প্রকৃত অর্জন | লক্ষ্যমাত্রা ২৩-২৪ | | | | | প্রক্ষেপণ | প্রক্ষেপণ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | ২০২১-২২ | ২০২২-২৩ | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | ২০২৪-২৫ | ২০২৫-২৬ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ |
| ১ | ফসলের উৎপাদন ও উৎপাদনশীলতা বৃদ্ধিকরণ; | ২৪ | [১.১] উদ্ভাবিত জাত এবং প্রযুক্তির সম্প্রসারণ | [১.১.১] স্থাপিত প্রদর্শনী | সংখ্যা | ৪ | ৬১৯ | ৪৩৮ | ৪৫০ | ৪০৫ | ৩৬০ | ৩১৫ | ২৭০ | ৪৬০ | ৪৭০ |
| | | | | [১.১.২] আয়োজিত মাঠ দিবস/ কৃষক সমাবেশ | সংখ্যা | ২ | ৩৪ | ২৬ | ৩০ | ২৭ | ২৪ | ২১ | ১৮ | ৩৩ | ৩৬ |
| | | | | [১.১.৩] আয়োজিতক উপজেলা কৃষি প্রযুক্তি সম্প্রসারণ কমিটির সভা | সংখ্যা | ২ | | | | | | | | | |
| | | | | [১.১.৪] নতুন প্রযুক্তি সম্প্রসারণের জন্য আয়োজিত উদ্বুদ্ধকরণ ভ্রমন | সংখ্যা | ২ | ০২ | ০২ | ০৩ | ২.৭ | ২.৪ | ২.১ | ১.৮ | ০৪ | ০৪ |
| | | | [১.২] কৃষি খাতে প্রদত্ত প্রনোদনার আওতায় কার্যক্রম গ্রহণ | [১.২.১] প্রনোদনা আওতায় সমলয় চাষাবাদের প্রদর্শনী স্থাপনকৃত | সংখ্যা | ৩ | ০১ | - | - | - | - | - | - | - | - |
| | | | | [১.২.২] প্রনোদনার আওতায় সহায়তা প্রাপ্ত কৃষক সংখ্যা | সংখ্যা | ৩ | ৮৯৬০ | ১৩৮৮০ | ১৪০০০ | ১২৬০০ | ১১২০০ | ৯৮০০ | ৮৪০০ | ১৪২০০ | ১৪৪০০ |
| | | | [১.৩] ফসল উৎপাদনে কৃষকের দক্ষতা বৃদ্ধিকরণ | [১.৩.১] প্রশিক্ষিত কৃষক | সংখ্যা | ৫ | ২৭৯০ | ১৫০০ | ১৫০০ | ১৩৫০ | ১২০০ | ১০৫০ | ৯০০ | ১৫৩০ | ১৫৬০ |
| | | | | [১.৩.২] ব্লক পরিকল্পনা প্রণয়ন | সংখ্যা | ৩ | ৪০ | ৬০ | ৬০ | ৫৪ | ৪৮ | ৪২ | ৩৬ | ৮০ | ৮০ |
| ২ | কর্ম ব্যবস্থাপনায় পেশাদারিত্বের উন্নয়ন | ২৩ | [২.১] কর্মকর্তা-কর্মচারীদের দক্ষতা বৃদ্ধি সংক্রান্ত কার্যক্রম | [২.১.১] প্রশিক্ষিত কর্মকর্তা/ কর্মচারী | সংখ্যা | ২ | ১৮ | ১৯ | ১৯ | ১৭ | ১৫ | ১৩ | ১১ | ১৯ | ১৯ |
| | | | [২.২] কার্যক্রম পরিবীক্ষণ ও মূল্যায়ন | [২.১.২] শ্রেষ্ঠ নারী মাঠকর্মীর মনোনয়ন প্রদান | সংখ্যা | ৩ | | | | | | | | | |
| | | | | [২.২.১] কর্মকর্তাদের পরিদর্শিতা প্রদান | সংখ্যা | ৫ | | | | | | | | | |
| | | | | [২.২.২] কর্মকর্তাদের পরিদর্শিত উপজেলা অফিসের কার্যক্রম | সংখ্যা | ৪ | ১১ | ১২ | ১২ | ১১ | ১০ | ০৮ | ০৭ | ১৩ | ১৪ |
| | | | | [২.২.৩] উর্ধ্বতন অফিসের পরিদর্শন সুপারিশ বাস্তবায়ন | সংখ্যা | ৩ | ১১ | ১২ | ১২ | ১১ | ১০ | ০৮ | ০৭ | ১৩ | ১৪ |
| | | | [২.৩] শুন্যপদ পূরণের উদ্যোগ গ্রহণ | [২.৩.১] শুন্যপদ পূরণের জন্য জনবলের তথ্য উর্ধ্বতন অফিসে প্রেরণ | সংখ্যা | ২ | ১১ | ০৮ | ০৮ | ০৭ | ০৬ | ০৬ | ০৫ | ০৮ | ০৮ |
| | | | [২.৪] জমিজমা সংক্রান্ত মামলা নিস্পত্তির উদ্যোগ গ্রহণ | [২.৪.১] জমিজমা সংক্রান্ত/ মামলা সংক্রান্ত উর্ধ্বতন অফিসে প্রেরণ | সংখ্যা | ২ | | | | | | | | | |

| | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | [২.৫] অডিট আপত্তি নিষ্পত্তি কার্যাক্রমের উন্নয়ন | [২.৫.১] অডিট আপত্তি সংক্রান্ত প্রতিবেদন উর্ধ্বতন অফিসে প্রেরণ | সংখ্যা | ২ | | | | | | | | | |
| ৩ | কৃষি উপকরণের সহজলভ্যতা ও সরবরাহ বৃদ্ধিকরণ | ১৪ | [৩.১] মানসম্পন্ন সার/বালাইনাশক সরবরাহ কার্যক্রম ব্যবস্থাপনা | [৩.১.১] নিষ্পত্তিকৃত বালাইনাশক এর পাইকারী ও খুচরা ডিলারের নিবন্ধন/ লাইসেন্স/ নবায়ন আবেদন | % | ৩ | ১৩১ | ১৪৪ | ১৫০ | ১৩৫ | ১২০ | ১০৫ | ৯০ | ১৫৫ | ১৬০ |
| | | | | [৩.১.২] পরিদর্শনকৃত সার ও বালাইনাশক ডিলার ও খুচরা বিক্রেতা | সংখ্যা | ৩ | ৬৭০ | ৭৪০ | ৭৫০ | ৬৭৫ | ৬০০ | ৫২৫ | ৪৫০ | ৭৫৫ | ৭৬০ |
| | | | [৩.২] উদ্যানতাত্তিক ফসলের মানসম্পন্ন চারা/কলম সরবরাহ কার্যক্রম ব্যবস্থাপনা | [৩.২.১] নিষ্পত্তিকৃত নার্সারী নিবন্ধন/লাইসেন্স/নবায়ন আবেদন | সংখ্যা | ৩ | - | ০২ | ০১ | ০.৯ | ০.৮ | ০.৭ | ০.৬ | ১ | ২ |
| | | | | [৩.২.২] পরিদর্শণকৃত নার্সারী কার্যক্রম | সংখ্যা | ৩ | | | | | | | | | |
| | | | [৩.৩] কৃষি যান্ত্রিকীকরণ | [৩.৩.১] উন্নয়ন সহায়তায় সরবরাহকৃত কৃষি যন্ত্রপাতি | সংখ্যা | ২ | ০৭ | ০৯ | ১০ | ০৯ | ০৮ | ০৭ | ০৬ | ১০ | ১১ |
| ৪ | কৃষি ভূ-সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন, কৃষি পণ্যের প্রক্রিয়াজাতকরণ ও রপ্তানীতে সহায়তা | ৯ | [৪.১] ফষল আবাদে জৈব সারের সর্বোত্তম ব্যবহার জনপ্রিয়করণ | [৪.১.১] জৈবসার/জীবানু সার/ সবুজ সার ও ভার্মি কম্পোষ্ট বিষয়ে সৃষ্ট উদ্যোক্তা | সংখ্যা | ৩ | | | | | | | | | |
| | | | | [৪.১.২] উৎপাদিত কম্পোষ্ট/ ভার্মি কম্পোষ্ট/ ট্রাইকো কম্পোষ্ট / সবুজ সার | মে.টন | ৩ | ২০২৭ | ২২০০ | ২৫০০ | ২২৫০ | ২০০০ | ১৭৫০ | ১৫০০ | ২৮০০ | ৩১০০ |
| | | | [৪.২] প্রযুক্তি ও কারিগরি সহায়তা প্রদানের মাধ্যমে এগ্রো প্রসেসিং ব্যাবসা উৎসাহিতকরণ এবং কর্মসংস্থান সৃষ্টি | [৪.২.১] খাদ্যপণ্য/কৃষিজাত পন্য/ নার্সারি ব্যবসা/বীজ উৎপাদনে সৃষ্ট নারী প্রক্রিয়াজাতকারী /উদ্যোক্তা | সংখ্যা | ৩ | | | | | | | | | |
| | | ৭০ | | | | ৭০ | | | | | | | | | |

## সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র
## (মোট মান-৩০)

| কর্মসম্পাদন ক্ষেত্র | ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৩-২৪ | | | | | প্রক্ষেপণ | প্রক্ষেপণ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | ২০১৯-২০ | ২০২২-২৩ | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | ২০২৩-২৪ | ২০২৪-২৫ |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ |
| **সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র** (মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক নির্ধারিত) | | | | | | | | | | | | | | | |
| সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ | ৩০ | ১) শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | | | ১০ | - | ৩০/৬/২২ | ৩০/০৬/২৩ | ০১/০৭/২৩ | ০৪/৭/২৩ | ৭/৭/২৩ | ১২/৭/২৩ | | |
| | | ২) ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন | ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়িত | | | ১০ | - | ২৮/৬/২২ | ২৫/৬/২৩ | ০৫/৭/২৩ | ৮/৭/২৩ | ১০/৭/২৩ | ১৪/৭/২৩ | | |
| | | ৩) তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | | | ৩ | - | ০৩/৭/২২ | ৪/৭/২৩ | ০৫/৭/২৩ | ৬/৭/২৩ | ৭/৭/২৩ | ১৫/৭/২৩ | | |
| | | ৪) অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | | | ৪ | - | ২৯/৬/২২ | ১৪/৭/২৩ | ১৫/৭/২৩ | ১৮/৭/২৩ | ২২/৭/২৩ | ২৬/৭/২৩ | | |
| | | ৫) সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন | সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়িত | | | ৩ | - | ২৫/৬/২২ | ৩০/০৬/২৩ | ০১/০৭/২৩ | ০৪/৭/২৩ | ৭/৭/২৩ | ১২/৭/২৩ | | |

আমি উপজেলা কৃষি অফিসার, দুপচাঁচিয়া, বগুড়া

উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, বগুড়া এর নিকট অঙ্গীকার করছি যে, এই সমঝোতা স্মারকে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি, উপ পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, বগুড়া

উপজেলা কৃষি অফিসার, বগুড়া, বগুড়া এর নিকট অঙ্গীকার করছি যে, এই সমঝোতা স্মারকে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

উপজেলা কৃষি অফিসার
দুপচাঁচিয়া, বগুড়া

তারিখঃ ১৭/০৫/২৬

উপপরিচালক
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
বগুড়া।

তারিখঃ ১৭.০৫.২৬